

বিগত পাঁচ দশকে কোম্পানির কার্য-পরিধির ব্যাপক বিস্তৃতি ঘটেছে এবং এ পর্যন্ত অত্র কোম্পানি গ্রাহকদের চাহিদানুযায়ী নিরবচ্ছিন্নভাবে গ্যাস সরবরাহ করে আসছে। কিন্তু, সাম্প্রতিক সময়ে কোম্পানির আওতাধীন এলাকায় গ্রাহকদের চাহিদার

বিপরীতে ফিল্ডসমূহ হতে পর্যাপ্ত গ্যাস সরবরাহের ঘাটতিসহ বিশেষ যুদ্ধ পরিস্থিতি চলমান থাকায় সারা বিশ্বে জ্বালানি সংকট তীব্র আকার ধারণ করে। ফলে এলএনজি আমদানি বাধাগ্রস্ত হওয়ায় তিতাস অধিভুক্ত কতিপয় এলাকায় স্বল্পচাপ সমস্যা বিরাজমান থাকায় গ্রাহক সেবা কিছুটা বিঘ্নিত হচ্ছে। বর্তমানে কোম্পানি ১৩,৪৩৮.৬৯ কি.মি. (পরিত্যক্ত/অব্যবহৃত ৪৪৮.২১ কি. মি. পাইপলাইন সহ) পাইপলাইনের মাধ্যমে গ্যাস সরবরাহ করছে। উল্লেখ্য, ৩০ জুন ২০২৫ পর্যন্ত কোম্পানির বিভিন্ন শ্রেণির গ্রাহকের বিস্তারিত বিবরণ নিম্নরূপ:

গ্রাহক শ্রেণি	গ্রাহক সংখ্যা
বিদ্যুৎ	৩৮
সার	২
শিল্প	৫৬৭৩
ক্যাপটিভ পাওয়ার	১৯০৯
সিএনজি	৩৯৩
বাণিজ্যিক	১১৭৩৩
আবাসিক*	২৭৫৮৯৬৪
মোট	২৭,৭৮,৭১২

*বিচ্ছিন্নকৃত বার্নার ব্যতীত।